# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯২০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. প্রথম অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পাঠ ও তার মর্যাদা

بَابُ الصَّلَوةِ عَلَى النَّبِيِّ ﷺ وَفَضْلِهَا

আরবী

وَعَن أبي حميد السَّاعِدِيّ قَالَ: قَالُوا: يَا رَسُولَ اللَّهِ كَيْفَ نصلي عَلَيْك؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قُولُوا: اللَّهُمَّ صلى الله عَلَيْهِ وَسلم عَلَى مُحَمَّدٍ وَأَزْوَاجِهِ وَذُرِّيَّتِهِ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ وَبَارِكْ عَلَى مُحَمَّدٍ وَأَزْوَاجِهِ وَذُرِّيَّتِهِ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حُمَيْدٌ مجيد

বাংলা

৯২০-[২] আবূ হুমায়দ আস্ সা'ইদী (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবীগণ বললেন, হে আল্লাহর রসূল! আমরা আপনার প্রতি কিভাবে দরূদ পাঠ করব? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা বল,

’’আল্লা-হুম্মা সল্লি ’আলা- মুহাম্মাদিওঁ ওয়া আয্ওয়া-জিহী ওয়া যুররিইয়্যাতিহী কামা- সল্লায়তা ’আলা- আ-লি ইব্র-হীমা ওয়াবা-রিক ’আলা- মুহাম্মাদিওঁ ওয়া আয্ওয়া-জিহী ওয়া যুররিইয়্যাতিহী কামা- বা-রকতা ’আলা- আ-লি ইব্র-হীমা ইন্নাকা হামীদুম্ মাজীদ’’

(অর্থাৎ- হে আল্লাহ! তুমি মুহাম্মাদ এবং তাঁর পত্নীগণ ও বংশধরগণের প্রতি অনুগ্রহ বর্ষণ করো, যেভাবে তুমি ইবরাহীম (আঃ)-এর পরিজনের প্রতি অনুগ্রহ বর্ষণ করেছো এবং মুহাম্মাদ এবং তাঁর পত্নীগণ ও বংশধরগণের প্রতি তোমার কল্যাণ নাযিল করো, যেভাবে তুমি ইবরাহীম (আঃ)-এর পরিবার-পরিজনের প্রতি কল্যাণ নাযিল করেছো। অবশ্যই তুমি খুব প্রশংসিত এবং খুব সম্মানিত।)। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৩৬০, মুসলিম ৪০৭, আবূ দাঊদ ৯৭৯, নাসায়ী ১২৯৪, ইবনু মাজাহ্ ৯০৫, আহমাদ ২৩৬০০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَأَزْوَاجِه) দ্বারা উদ্দেশ্য উম্মাহাতুল মু’মিনীন যেমন সামনে আবূ হুরায়রাহ্ (রাঃ) হাদীস আসছে।

(وَذُرِّيَّتِه) দ্বারা উদ্দেশ্য তাঁর বংশধর, ফাত্বিমাহ্ (রাঃ)-এর সন্তানেরা।

আজওয়ায তথা স্ত্রীগণ প্রসিদ্ধ আর ذُرِّيَّةٌ দ্বারা বংশকুল তথা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বংশধর তারা যারা তাঁর সন্তানের প্রজন্ম আর তাঁর সন্তান তারাই যারা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আনুগত্য করে।

আর নাবাবী মুহাজ্জাব-এর শারাহ্তে উল্লেখ করেছেন সহীহ হাদীসগুলোর আলোকে (শব্দের) সমন্বয় করা যাবে।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدِ النَّبِيِّ الْأَمِّيْ، وَعَلٰى الِ مُحَمَّدٍ، وَأَزْوَاجِه، وَذُرِّيَّتِه، كَمَا صَلَّيْتَ عَلٰى إِبْرَاهِيْمَ، وَعَلٰى الِ إِبْرَاهِيْمَ، وَبَارِكْ عَلٰى مُحَمَّدٍ وَعَلٰى الِ مُحَمَّدٍ وَأَزْوَاجِه وَذُرِّيَّتِه كَمَا بَارَكْتَ عَلٰى إِبْرَاهِيْمَ وَعَلٰى الِ إِبْرَاهِيْمَ فِى الْعَالَمِيْنَ إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ.

হে আল্লাহ! তুমি রহমাত বর্ষণ করো নিরক্ষর নাবী মুহাম্মাদ  সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর ও তাঁর পরিবার, স্ত্রীগণ ও সন্তানদের ওপর যেরূপ রহমাত বর্ষণ করেছো ইব্রাহীম (আঃ) ও তাঁর ইব্রাহীম (আঃ)-এর পরিজনের ওপর, তুমি বারাকাত দান করো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পরিজনের ওপর যেরূপ বারাকাত দান করেছো ইব্রাহীম (আঃ) ও ইব্রাহীম (আঃ) পরিজনের ওপর সারা বিশ্বে। নিশ্চয় তুমি প্রশংসিত ও মর্যাদাশীল আর ‘ইরাক্বী বলেন আরো অন্য শব্দেও সহীহ হাদীস এসেছে-

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ عَبْدُكَ وَرَسُوْلُكَ النَّبِىَ الْأُمِّىْ، وَعَلٰى الِ مُحَمَّدً، وَأَزْوَاجِه أُمَّهَاتُ الْمُؤْمِنِيْنَ، وَذُرِّيَّتِه، وَأَهْلُ بَيْتِه كَمَا صَلَّيْتَ عَلٰى إِبْرَاهِيْمَ وَعَلٰى الِ إِبْرَاهِيْمَ، إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ. اَللّٰهُمَّ بَارِكْ عَلٰى مُحَمَّدٍ النَّبِيِّ الْأَمِّيْ، وَعَلٰى الِ مُحَمَّدٍ، وَأَزْوَاجِه، وَذُرِّيَّتِه، كَمَا بَارَكْتَ عَلٰى إِبْرَاهِيْمَ، وَعَلٰى الِ إِبْرَاهِيْمَ فِى الْعَالَمِيْنَ إِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ.

হে আল্লাহ! তুমি রহমাত বর্ষণ করো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর যিনি তোমার বান্দা এবং তোমার রসূল, নিরক্ষর নাবী এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র পরিবার-পরিজনের ওপর তাঁর স্ত্রীগণ, সকল মু’মিনদের মা এবং তাঁর বংশকূলের ওপর আর পরিবারের ওপর যেমন রহমাত বর্ষণ করেছো ইব্রাহীম (আঃ) এবং ইব্রাহীম (আঃ)-এর পরিবারের ওপর। নিশ্চয় তুমি প্রশংসিত ও মর্যাদাশীল।

হে আল্লাহ! তুমি বারাকাত দান করো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পরিজনের ওপর, তাঁর স্ত্রীগণ ও সন্তান-সন্ততির ওপর যেমন বারাকাত দান করেছো ইব্রাহীম (আঃ) ও ইব্রাহীম (আঃ) -এর পরিজনের ওপর সারাবিশ্বে, নিশ্চয় তুমি প্রশংসিত ও মর্যাদাশীল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55479

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন